

জাতীয় সঞ্চয় অধিদপ্তর শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, ২০১৮-১৯

প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (১) এর ১.৪ অনুযায়ী জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উত্তম চর্চা (Best Practice)-এর তালিকাঃ

ক্রম	উত্তম চর্চার বিবরণ
০১.	দৈনন্দিন অনিস্পন্ন কাজের তালিকা তৈরী এবং অগ্রাধিকারভিত্তিতে তা নিস্পন্ন করা হয়;
০২.	অফিসে আগমন ও প্রস্থান বিষয়ে নিশ্চিতকরণের নিমিত্ত 'টেলিফোনিক মনিটরিং ব্যবস্থা' চালু করা হয়েছে;
০৩.	মাসিক/ত্রৈমাসিক/বাৎসরিক রিপোর্ট-রিটার্ন সময়মত প্রস্তুত ও সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণ নিশ্চিতকরণের নিমিত্ত তালিকা প্রণয়ন করে প্রত্যেক কর্মকর্তাদের টেবিলে দৃশ্যমান করে রাখা হয়েছে;
০৪.	জাতীয় সঞ্চয় স্কিমের বিধিমালা/নীতিমালা/সাকুলার/পরিপত্র ইত্যাদি সম্বলিত পুস্তিকা প্রণয়ন করা হয়েছে;
০৫.	জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীবৃত্তান্ত সম্বলিত একটি অনলাইন ডাটাবেজ প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে;
০৬.	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের 'বার্ষিক প্রতিবেদন' নিয়মিতভাবে প্রণয়ন ও প্রকাশ করা হয়;
০৭.	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করা হয়;
০৮.	জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত সকল অফিস আদেশ/সাকুলার/পরিপত্র নিয়মিতভাবে ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হয়;
০৯.	দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস)-এর ব্যবহার নিশ্চিত করা হয়েছে;
১০.	দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা হয়েছে;
১১.	সোশ্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যার সমাধানের নিমিত্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের জন্য একটি ফেসবুক পেইজ (fb.com/nsdbangladesh) চালু করা হয়েছে;
১২.	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিভিন্ন শাখা/অধিশাখা এবং আওতাধীন দপ্তরসমূহ আকস্মিক পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
১৩.	জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক গণশুনানী কার্যক্রম চালু করা হয়েছে;
১৪.	জাতীয় সঞ্চয় অধিদপ্তরসহ আওতাধীন দপ্তরসমূহ কর্তৃক বিদ্যুৎ, পানি, জ্বালানী ইত্যাদি ব্যবহারে মিতব্যয়ী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;

Foru
৩০/১২/১৮

মুহাম্মদ মিজানুর রহমান
উপ-পরিচালক
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
গভ্যস্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়